গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।
www.gafargaon.mymensingh.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৫.৬১২২.০০৭.৫৫.০১০.২৫-০৭

তারিখ ঃ ২১ পৌষ ১৪৩১
০৫ জানুয়ারি ২০২৫

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একর পর্যন্ত (বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩২ সন হতে ১৪৩৪ বঙ্গাব্দ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অনলাইন আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৫ ফেব্রুয়ারী ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮. ০০১.২৪.৩৬১ নং স্মারকে জলমহাল ইজারা সংক্রান্ত পত্র মোতাবেক অনলাইন পদ্ধতিতে ইজারা প্রদানের লক্ষ্যে বর্ণিত শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। এ সংক্রান্ত তথ্য নিম্নরূপ ঃ

| ক্র. নং | গৃহীত কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ০১ | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩ জানুয়ারী থেকে ১৬ ফেব্রুয়ারী) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৮ ফেব্রুয়ারী থেকে ২০ ফেব্রুয়ারী) |

**বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ**

| ক্র. নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একর) | সম্ভাব্য সরকারী মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | লংগাইর | উঠিয়ার বাজার খাস পুকুর | ০.৩৫ (কম/বেশী) | ৪,৫২১/- |
| ০২ | মশাখালী | মশাখালী মৌলবি বাড়ী খাস পুকুর | ০.৫৮ (কম/বেশী) | ৬,৬৬৫/- |
| ০৩ | মশাখালী | মশাখালী ডিসপেন্সারী খাস পুকুর | ০.৪৮ (কম/বেশী) | ৫,৫১৬/- |
| ০৪ | মশাখালী | মশাখালী হালর বিল | ৬.৩৩ (কম/বেশী) | ৭২,৭১২/- |
| ০৫ | দত্তেরবাজার | খাঘাটিপাড়া খাস পুকুর | ০.৭০ (কম/বেশী) | ৮,০৪২/- |
| ০৬ | দত্তেরবাজার | যাত্রাসিদ্ধি খাস পুকুর | ০.৪৭ (কম/বেশী) | ৫,৪০১/- |
| ০৭ | দত্তেরবাজার | দত্তেরবাজার হাই স্কুল খাস পুকুর | ০.২৮ (কম/বেশী) | ৩,২১৭/- |

নিয়মাবলী ঃ

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০২। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি mymensing.gov.bd এবং gafargaon.mymensingh.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

০৩। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন দাবী উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৪। পূরনকৃত আবেদন ফরম (জমা রশিদসহ) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলমুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৬। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৭। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

০৮। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল করতে হবে। হাতে হাতে বা সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি আবেদনকারী কোন সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র এবং সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

১০। সমিতির গঠনতন্ত্র ও কার্যবিবরণী এবং ব্যাংক সলভেন্সি সনদ (ব্যাংক রুল অনুসারে) ও সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে (উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় কর্তৃক প্রত্যায়িত) কার্ড দাখিল করতে হবে।

১১। অনিবার্য কারণবশত: কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। ইজারা প্রাপ্তির পর সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণের সাথে জড়িত রয়েছেন ও থাকবেন এবং জলমহাল নিজেরাই পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৩। অন্যান্য শর্তাবলী উপজেলা ভূমি অফিস, গফরগাঁও, ময়মনসিংহ হতে পাওয়া যাবে।

০৫/০১/২০২৫

(রুবাইয়া ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গফরগাঁও, ময়মনসিংহ।

Scanned with CamScanner